



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৮ মার্চ, ২০২২

## বাউবি'তে তথ্য অধিকার আইন-২০০৯ ও প্রাতিষ্ঠানিক প্রাসঙ্গিকতা শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার, ২৮ মার্চ ২০২২ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি কর্তৃক আয়োজিত তথ্য অধিকার আইন-২০০৯ ও প্রাতিষ্ঠানিক প্রাসঙ্গিকতা শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। বাউবি উপাচার্যের কনফারেন্স রুমে আয়োজিত এ কর্মশালার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও সাবেক তথ্য কমিশনার ড. সাদেকা হালিম রিসোর্সপার্সন হিসেবে উপস্থিত ছিলেন।



কর্মশালায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা, জবাবদিহিতা শক্তিশালী করার লক্ষ্যে তথ্য অধিকার আইন বাস্তবায়ন প্রয়োজন। সে প্রেক্ষিতে বাউবি'র শিক্ষার্থী ও সুবিধাভোগীদের তথ্য প্রদান ব্যবস্থাপনা জোরদার করার লক্ষ্যে কর্ম পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ নেয়ার জন্য তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি গঠন করা হয়েছে। আমি মনে করি, এই আইনের সুষ্ঠু প্রয়োগ যদি বাউবি বাস্তবায়ন করতে পারে তবে এখানেও কাজের স্বচ্ছতা জবাবদিহিতা বৃদ্ধি এবং পাশাপাশি দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠা পাবে।

রিসোর্সপার্সন অধ্যাপক ড. সাদেকা হালিম তথ্য অধিকার আইনের প্রয়োগ এবং জনগণের অধিকার নিয়ে বিভিন্ন কেস স্টাডি উপস্থাপন করেন। বাউবি'র বিভিন্ন আঞ্চলিক, উপ-আঞ্চলিক কেন্দ্রে তথ্য কর্মকর্তা নিয়োগ এবং জনগণকে কাজিফত তথ্য সরবরাহের কথা তুলে ধরেন তিনি। মাঠ পর্যায়সহ বিভিন্ন স্তরে তথ্য প্রদানের প্রতিবন্ধকতাও উল্লেখ করেন ড. সাদেকা হালিম। তিনি আরো বলেন, তথ্য পাবার অধিকার সবার আছে তবে যতটুকু যৌক্তিক ততটুকু উপস্থাপিত হতে পারে। বাউবি'র প্রান্তিক পর্যায়ের শিক্ষার্থীদের নিয়ে তথ্য অধিকার আইন ও অধিকার বিষয়ে গবেষণা ও কেসস্টাডির উপর গুরুত্ব আরোপ করেন।

দিনব্যাপী এ কর্মশালার সভাপতিত্ব করেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। কর্মশালায় মোট ২৭ জন অংশগ্রহণ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ও বাউবি'র তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য সচিব ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন উদ্দিন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

